সংবাদ

তারিখ ... 11 APR 2017 ...
পৃষ্ঠা ... ৪ ... কলাম ... ৩ ... ......

# বিশ্ব হিমোফিলিয়া দিবস পালিত

নিজস্ব বার্তা পরিবেশক

সচেতনতার ওপর গুরুত্বারোপ করে পালিত হলো বিশ্ব হিমোফিলিয়া দিবস। গতকাল দিবসটি উপলক্ষে বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিকেল বিশ্ববিদ্যালয়ের (বিএসএমএমইউ) হেমাটোলজি বিভাগের উদ্যোগে অনুষ্ঠিত হয় র‌্যালি এবং বিশেষজ্ঞ চিকিৎসক ও আক্রান্ত রোগীদের নিয়ে আলোচনা সভা।

'তাদের কথা শুনুন' প্রতিপাদ্য নিয়ে বিশ্ববিদ্যালয়ের শহীদ ডা. মিলন হলে অনুষ্ঠিত সভায় জানানো হয়, বিশ্ব হিমোফিলিয়া ফেডারেশনের পরিসংখ্যান অনুযায়ী বাংলাদেশ দশ হাজার ৬৪০ জন হিমোফিলিয়া রোগী রয়েছে।

সভায় প্রধান অতিথি ছিলেন বাংলাদেশ মেডিকেল অ্যাসোসিয়েশনের সভাপতি ডা. মোস্তফা জালাল মহিউদ্দিন। বিশেষ অতিথি ছিলেন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ডা. কামরুল হাসান খান ও বাংলাদেশ মেডিকেল অ্যাসোসিয়েশনের মহাসচিব ডা. এহতেশামুল হক চৌধুরী দুলাল। বৈজ্ঞানিক অধিবেশনে চেয়ারপারসনের দায়িত্ব পালন করেন বিশ্ববিদ্যালয়ের উপ-উপাচার্য (গবেষণা ও উন্নয়ন) অধ্যাপক ডা. মো. শহীদুল্লাহ সিকদার। আলোচনা সভায় আরও উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের সম্মানিত উপ-উপাচার্য (প্রশাসন) অধ্যাপক ডা. মো. শারফুদ্দিন আহমেদ, কোষাধ্যক্ষ অধ্যাপক ডা. মোহাম্মদ আলী আসগর মোড়ল, রেজিস্ট্রার অধ্যাপক ডা. এবিএম আব্দুল হান্নান, প্রক্টর অধ্যাপক ডা. মো. হাবিবুর রহমান দুলাল, পরিচালক (হাসপাতাল) ব্রিগেডিয়ার জেনারেল মো. আব্দুল্লাহ আল হারুন। আলোচনা সভায় সভাপতিত্ব করেন বিশ্ববিদ্যালয়ের হেমাটোলজি বিভাগের চেয়ারম্যান ও রক্তরোগ ও হিমোফিলিয়া বিশেষজ্ঞ, বাংলাদেশ সোসাইটি অব হেমাটোলজী-এর সভাপতি অধ্যাপক ডা. মাসুদা বেগম। স্বাগত বক্তব্য রাখেন বাংলাদেশ সোসাইটি অব হেমাটোলজীর সভাপতি অধ্যাপক ডা. মো. মাহবুবুর রহমান।

ব্যানবেইস
পরিচালকের কার্যালয়
প্রাপ্তি নং.........................
তারিখ.........................
চীফ, পরিসংখ্যান বিভাগ
চীফ, ডি.এল.পি বিভাগ
সিস্টেম এনালিস্ট
সিস্টেম ম্যানেজার
প্রশাসনিক কর্মকর্তা
পি.এ.
কার্যার্থে/জ্ঞাতার্থে
স্বাক্ষর